# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৫১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যোহরের সালাত কোন ব্যক্তি যদি ভুলে চতুর্থ রাকা‘আতে না বসে ভুলে পাঁচ রাকা‘আত আদায় করে, তবে এজন্য তাকে সেই সালাত পুনরায় আদায় করতে হবে না

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مُصَلِّي الظُّهْرِ خَمْسًا سَاهِيًا مِنْ غَيْرِ جُلُوسٍ فِي الرَّابِعَةِ لَا يُوجِبُ عَلَيْهِ إِعَادَةَ الصَّلَاةِ بِفِعْلِهِ ذَلِكَ

---

আরবী

2651 ـ أخبرنا زكريا بن يحيى الساجي قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ عَنْ إِبْرَاهِيمَ بْنِ سُوَيْدٍ قَالَ: صَلَّى بِنَا عَلْقَمَةُ الظُّهْرَ خَمْسًا فَقَالَ لَهُ إِبْرَاهِيمُ فَقَالَ: وَأَنْتَ يَا أَعْوَرُ؟ قَالَ: نَعَمْ قَالَ: فَسَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ حَدَّث عَلْقَمَةُ عَنْ عَبْدِ اللَّهِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ........ مثل ذلك.

الراوي : إِبْرَاهِيم بْن سُوَيْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2651 | خلاصة حكم المحدث: صحيح

বাংলা

২৬৫১. ইবরাহিম বিন সুওয়াইদ রহিমাহুল্লাহ বলেন, “আলকামাহ রহিমাহুল্লাহ আমাদের নিয়ে একবার যোহরের সালাত পাঁচ রাকা‘আত আদায় করেন, তখন ইবরাহিম রহিমাহুল্লাহ তাকে বিষয়টি বললে তিনি বলেন, “হে কানা, তুমিও বলছো? ”জবাবে তিনি বলেন, “হ্যাঁ।”

রাবী বলেন, “অতঃপর তিনি দুটি সাহু সাজদা করেন। তারপর আলকামাহ আব্দুল্লাহ বিন আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহুর সূত্রে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে অনুরুপ হাদীস বর্ণনা করেন।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৫৭২; আবূ দাঊদ: ১০২২; নাসাঈ: ৩/৩২; আবূ আওয়ানা: ২/২০৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৬৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ইবরাহীম ইবনু সুওয়ায়দ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91981

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন